প্রথম আলো

তারিখ JUL 7 2006
পৃষ্ঠা ৬ কলাম ৬

## হাজী দানেশ বিশ্ববিদ্যালয়

# শিক্ষককে হত্যার হুমকির প্রতিবাদে
# ২২ দিন ধরে ধর্মঘট অব্যাহত

দিনাজপুর অফিস

দিনাজপুরে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিং বিভা
চেয়ারম্যান ভবেন্দ্র কুমার বিশ্বাসকে হত্যার হুমকির প্রতিবাদে ও হুমকিদাতাকে বহিষ্কারের দাবিতে শিক্ষ
গত ২৬ জুন থেকে ধর্মঘট পালন করছেন। শিক্ষকরা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সহসভাপতি হুমায়ুন ক
রিংকুকে এক বছরের জন্য বহিষ্কারের দাবি জানান। অপরদিকে ছাত্রদল নেতা রিংকু প্রথম আলোর ব
দাবি করেছেন, তার বিরুদ্ধে আনীত অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। মূলত শিক্ষকদের অন্যায়ের প্রতি
করতে গিয়েই তিনি প্রতিহিংসার শিকার হয়েছেন।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক হাসান ফুয়াদ এলতাজ গতকাল রোববার জা
বিশ্ববিদ্যালয়ের লেভেল-৪ সেমিস্টার ২-এর জেনেটিক্স অ্যান্ড প্লান্ট ব্রিডিং বিভাগের পরীক্ষা গত মে ম
অনুষ্ঠিত হয়। এর ফল প্রকাশ হয় জুন মাসের দ্বিতীয় সপ্তাহে। ফলাফলে পাঁচজন ছাত্র তত্ত্বীয়তে
চারজন ব্যবহারিকে অকৃতকার্য হন। এ ঘটনায় অকৃতকার্য ছাত্ররা একজোট হয়ে ছাত্রদল বিশ্ববিদ্যা
শাখার সহসভাপতি হুমায়ুন কবীর রিংকুর নেতৃত্বে জোট বেঁধে কিছু ছাত্রকে নিয়ে ক্যাম্পাসে মিছিল
ভাঙচুর করেন। শিক্ষকদের লক্ষ্য করে অশ্লীল গালাগাল করেন। সর্বোপরি রিংকু প্রকাশ্যে জেনেটিক্স অ
প্লান্ট ব্রিডিং বিভাগের প্রধান সহযোগী অধ্যাপক ভবেন্দ্র কুমার বিশ্বাসকে হত্যার হুমকি দেন।

বিশ্ববিদ্যালয় ছাত্রদল শাখার সহসভাপতি হুমায়ুন কবীর রিংকু গতকাল প্রথম আলোকে জানান, ি
শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক হাসান ফুয়াদ এলতাজসহ কতিপয় শিক্ষকের প্রতিহিংসার শিকার। ি
বলেন, গত মে মাসে বিশ্ববিদ্যালয়ের কর্মচারীদের দুর্ব্যবহারের কারণে সাধারণ ছাত্রদের সঙ্গে কর্মচারী
সংঘর্ষ, ধাওয়া-পাল্টাধাওয়া হয়। এ ঘটনায় ছাত্ররা প্রতিবাদ আন্দোলন করে জড়িত কর্মচারীদের বির
ব্যবস্থা নিতে বিশ্ববিদ্যালয়ের ভিসি ও রেজিস্ট্রারের কাছে লিখিত দাবি জানান।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক আবদুস মজিদ গতকাল জানান, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিগ
অপরাধী ছাত্রদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা ঘোষণা করবে। অল্প দিনের মধ্যে চলমান অচলা
নিরসন হবে বলে তিনি মন্তব্য করেন।